দৈনিক বাংলা

তারিখ 07 SEP 1988
পৃষ্ঠা 5 কলাম 5

152

## কৃষি বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবন

কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনসহ বিভিন্ন অনুষদীয় ভবনের সম্মুখে অবাধে গরু ছাগল চরছে। ইদানীং গরু ছাগল চরানোর মাত্রা আরও বেড়ে গেছে। প্রশাসনিক ভবনে সিঁড়ি বেয়ে ৫ তলায় উঠতে দেখা যাবে বিভিন্ন কর্মচারী সমিতির পোস্টার, মাকড়সার জাল ও অজস্র পানের পিক দেয়ালে ছড়িয়ে ছিটিয়ে আছে। কেউ ঢুকে বলবে না এটি একটি বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবন। মনে হবে আমরা কোন মিলকারখানা কিম্বা শ্রমিক এলাকায় ঢুকছি।

ছাত্র-শিক্ষক কেন্দ্রে অবস্থিত বিশ্ববিদ্যালয়ের ক্যান্টিন দেখলেও একই কথা মনে হবে। নোংরা ও দুর্গন্ধযুক্ত পরিবেশে ছাত্র-ছাত্রী শিক্ষক, অফিসার ও কর্মচারীদের খাবার পরিবেশন করা হয়ে থাকে। নাকেমুখে রুমাল চেপে টিএসসির ক্যান্টিনে ঢুকতে হয়। ক্যান্টিনের ভেতর মাকড়সার জাল, নোংরা পানি ও ময়লা আবর্জনা সবসময় পড়ে থাকে। সুইপারগণ ঠিকমত ঝাড়ু দেয় না এবং ময়লাও পরিষ্কার করে না।

বিশ্ববিদ্যালয়ের একমাত্র কেন্দ্রীয় ক্যান্টিনের উন্নয়নের জন্য ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের দাবী উত্থাপন করলেও কর্তৃপক্ষ কোন ব্যবস্থা গ্রহণ করেনি। ক্যান্টিনের বাসনপত্র, জগ, গেলাস ইত্যাদিও নোংরা। এছাড়া ৪/৫টি কুকুর ক্যান্টিনের মধ্যে ঘুরঘুর করে এবং কখনও কখনও এই কুকুরগুলি ক্যান্টিনে শুয়ে থাকে।

এস এ মাহমুদ হাসান
ঈশা খাঁ হল, কৃষি বিশ্ববিদ্যালয়,
ময়মনসিংহ।